| MONDOL INTIMATES LIMITED | শিরোনাম | বর্জ্য সংরক্ষন ও অপসারন নীতিমালা |
|---|---|---|
| | Last Update | জানুয়ারী ০৪, ২০২০ ইং |
| | Next Update | জানুয়ারী ০৪, ২০২১ ইং |
| | রেকর্ড নম্বর, ডকুমেন্ট | MI/Policy |

# বর্জ্য সংরক্ষণ ও অপসারন নীতিমালা

## Wastage Management and Disposal Policy

### ১। নীতি (Policy):

মন্ডল ইন্টিমেটস তার আভ্যন্তরীন এবং আশেপাশের পরিবেশ সংরক্ষন এবং সুন্দর পরিবেশ বজায় রাখার লক্ষ্যে অবশ্যই পরিবেশ ব্যবস্থাপনার অংশ হিসাবে কারখানার বর্জ্য সমূহ সঠিকভাবে সংরক্ষন ও অপসারন করে থাকে এবং পরিবেশ সংক্রান্ত সকল আইন কানুন মেনে চলে।

### ২। পদ্ধতি (Procedure):

আমাদের কারখানায় তিন ধরনের বর্জ্য রহিয়াছে। যথা- (ক) সলিড বর্জ্য (খ) সাধারণ বর্জ্য (গ) তরল বর্জ্য
(ক) সলিড বর্জ্য ঃ কারখানার যাবতীয় সলিড ওয়েস্টেজ যেমন- টিউব লাইট, নিডেল, বিভিন্ন লৌহ জাতীয় দ্রব্য প্রভৃতি।
(খ) সাধারণ বর্জ্য ঃ সাধারণ বর্জ্য যেমন- ফেব্রিক জুট, পেপার, পলিথিন, কার্টুন, সুতার কোন ইত্যাদি।
(গ) তরল বর্জ্যঃ ব্যবহারকৃত ময়লা পানি, যাবতীয় মলমুত্র ইত্যাদি।

### বর্জ সংরক্ষণ ও অপসারন ঃ

বিভিন্ন ধরনের বর্জ নির্ধারিত আলাদা-আলাদা বস্তায় সংরক্ষন করা হয়।

১) সলিড বর্জ্য ঃ ভাংগা বা পরিত্যাক্ত টিউব লাইট কাঠের নির্ধারিত বক্সে জমা রাখা হয়, ভাংগা নিডেল নির্ধারিত রেজিষ্টারে সেটে রেখে রেজিষ্টার শেষ হয়ে গেলে স্টোরে জমা রাখা হয়, কাটিং বোর্ড জাতীয় দ্রব্য নির্ধারিত বক্সে জমা রাখা হয়। সলিড বর্জ ডিসপোজাল করার জন্য সরকার এর্ন্টাপ্রাইজ এর সাথে চুক্তি করা হয়েছে। উক্ত কোম্পানী যাবতীয় সলিড ওয়েস্টেজ নিয়ে এমনভাবে ডিসপোজাল করে যাতে পরিবেশের ভারসাম্যের ক্ষতি না হয়।

২) সাধারণ বর্জ্যঃ সাধারণ বর্জ কাটিং ফেব্রিক জুট, সুইং জুট, পেপার, পলিথিন, কার্টুন, সুতার কোন ইত্যাদি আলাদা ভাবে শ্রেণীবিন্যাস করা হয় এবং প্রত্যেক দিন আলাদা করে নির্দিষ্ট জায়গায় রাখা হয়। সাধারন বর্জ অপসারণ ডিসপোজাল করার জন্য সরকার এর্ন্টাপ্রাইজ এর সাথে চুক্তি করা হয়েছে। কারখানার সিকিউরিটি কর্মকর্তা, প্রশাসন কর্মকর্তা, ষ্টোর কর্মকর্তা এবং অডিটের উপস্থিতিতে মাসে ৫-৬ বার কারখানা হইতে সাধারন বর্জ অপসারণ করা হয়ে থাকে।

(৩) তরল বর্জ্যঃ ব্যবহারকৃত ময়লা পানি, যাবতীয় মলমুত্র ইত্যাদি প্রবাহিত হয়ে যাওয়ার মত যথেষ্ট ড্রেন এবং সেফটি ট্যাংক আছে। যাবতীয় মলমুত্র ও পানি নিষকাশনের জন্য কম্পানীর নিজস্ব ড্রেন ব্যবস্থা রয়েছে যা ইউনিয়ন পরিষদের ড্রেনের সাথে মলমুত্র পয়ঃনিষকাশন লাইনের সাথে আমাদের মলমুত্রও পানির লাইন সংযুক্ত করা আছে। ফলে ময়লা জমে দুর্গন্ধ ছড়ানোর কোন সম্ভাবনা নাই।

### ৩. দায়িত্ব ও কর্তব্য (Responsibilities):

৩.১ এডমিন অফিসার ও নিরাপত্তা ইনচার্জ ও স্টোর কর্মচারী বা কর্মকর্তা দায়িত্ব হচ্ছে সঠিক ভাবে বর্জ সংরক্ষণ ও বর্জ (অপসারন) নিশ্চিত করা।

৩.২ ব্যবস্থাপক (এইচ আর) এবং কমপ্লায়েন্স কর্মকর্তার দায়িত্ব হচ্ছে বর্জ্য সংরক্ষণ ও বর্জ্য (অপসারন) বিক্রয় সংক্রান্ত বিষয়গুলি আইন সম্মত ভাবে ও পলিসি অনুযায়ী বাস্তবায়ন হচ্ছে কিনা তা তদারকি করা এবং উর্ধতন কর্তৃপক্ষকে রিপোর্ট করা।

| | | |
|---|---|---|
| প্রস্তুতকারী | মানবসম্পদ এন্ড কমপ্লায়েন্স বিভাগ | |
| অনুমোদনকারী | মহা ব্যবস্থাপক | |